

ন্যাাদিসান্ত

৫. ৫. ২০১৫

কারসাজি করে কাগজের মূল্য বৃদ্ধির অভিযোগ বিনা মূল্যের পাঠ্যবই ছাপার টেভার নিয়ে জটিলতা

● আমানুস রহমান

বছরের পঞ্চম মাস চলছে। আগামী শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্যবই মুদ্রণের জন্য গতকাল পর্যন্ত প্রাথমিক বা মাধ্যমিকের বই ছাপার একটি টেন্ডারের ও প্রক্রিয়া শেষ হয়নি। অথচ এ বছরটি নির্বাচনের বছর হওয়ায় নির্ধারিত সময়ের অন্তত আড়াই মাস আগে (৩০ সেপ্টেম্বর) সব বই ছুঁলে বা উপক্লেয় পৌঁছানোর লক্ষ্য নিয়ে কাজ করার নির্দেশনা ছিল শিক্ষা মন্ত্রণালয়ের। কিন্তু বিনামূল্যে পাঠ্যবই মুদ্রণ সমন্বয়কারী হিসেবে মুখ্য ভূমিকা পালনকারী সরকারি প্রতিষ্ঠান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবির) তৎপরতা নিয়ে এরই মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। চলতি বছরটি 'নির্বাচনের বছর'- এই ধুয়া তুলে এখনই বই ছাপার কাগজের মূল্য

টনপ্রতি ৩০ থেকে ৪০ হাজার টাকা বাড়িয়ে নেয়া হয়েছে। বাজার নিয়ন্ত্রককারী একটি চক্র ও দেশীয় সিভিকিটি মিলে এ কাজটি করেছে বলে সংশ্লিষ্টরা জানান। অভিযোগ রয়েছে এর সাথে যুক্ত হয়েছে বিনা মূল্যের পাঠ্যবই ছাপার সাথে জড়িত দেশীয় মুদ্রণকারীরা। তবে মুদ্রণ শিল্প মালিক সমিতির সভাপতি তোফায়েল খান গতকাল এ অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেন, প্রতি বছরই পাঠ্যবই ছাপার সময় কাগজের দাম বাড়ে। এবারো বাড়ছে এবং বাড়বে। বরং দেশীয় মুদ্রণকারীরা এই বর্ধিত মূল্যের শিক্ষার। তিনি জানান, বিশ্বব্যাপী কাগজ তৈরির কাঁচামালের দাম বেড়েছে। তার প্রভাব পড়েছে কাগজের বাজারে। তিনি পাঠ্য অভিযোগ করেন এনসিটিবির বিরুদ্ধে। এনসিটিবি

বাস্তবতা ও বাজার যাচাই না করে টেন্ডারে কাগজের মূল্য নির্ধারণ করেছে। এ নিয়ে আসলে জটিলতার সূত্রপাত।

আগামী শিক্ষাবর্ষের জন্য সরকার প্রায় ৩৭ কোটি বই ছাপানোর সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু এনসিটিবি বই ছাপার জন্য যে দর দিতে চায়, তা নিয়ে অসন্তোষ মুদ্রণকারীদের। তারা বলছেন, দেশীয় ও আন্তর্জাতিক বাজারে কাগজের দাম, নিরাপত্তা পেপারের দাম, অন্যান্য মুদ্রণ উপকরণ ও শ্রমিকের মজুরি গত বছরের চেয়ে প্রায় ৪০ থেকে ৫০ শতাংশ বেড়ে গেছে। এনসিটিবি যে দামে টেন্ডার কল করেছে, তাতে অংশ নিলে ক্ষতির মুখে পড়তে হবে। মুদ্রাকরদের নেতারা বলছেন, এনসিটিবি নিজেই গত বছরের চেয়ে ৪০-৫০ পৃ-৬-এর কলামে

P.T.O-

১৫/০৫/১৫
১৫/০৫/১৫

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

তারিখ :

- জাতীয় মহাপরিচালক
- পরিচালক (প্রশাসন)
- পরিচালক (অর্থ ও সংগ্রহ)
- পরিচালক (শিক্ষা ও অধ্যয়ন)
- পরিচালক (শিক্ষা)
- পরিচালক (পরিচালনা ও উন্নয়ন)
- পরিচালক (পরিচালনা ও মুদ্রণ)
- পরিচালক (প্রোগ্রাম কো-অর্ডিনেটর)
- পরিচালক (সেতক চাল এনুশীলন)
- নিউটন মাসেকার
- প্রকল্প পরিচালক
- নিউটন এনসিটিবি
- উপপরিচালক
- সহকারী পরিচালক

মহাপরিচালক

স্বাক্ষরিত
স্বাক্ষরিত
১৫/০৫/১৫